দৈনিক ইত্তেফাক

তারিখ ... 25 APR 1998
পৃষ্ঠা ১ কলাম ৫

# বিজি প্রেসের গোপনীয় শাখাতেই গলদ ॥

## এইচ এস সি পরীক্ষা নিয়া সংশয়

রেজানুর রহমান ॥ এসএসসি পরীক্ষায় প্রশ্ন ফাঁসের সহিত বিজি প্রেসের কর্মচারীরা জড়িত থাকায় আসন্ন এইচএসসি পরীক্ষা নিয়া আশংকা দেখা দিয়াছে। গোপনীয় শাখা বিজি প্রেসের একটি গুরুত্বপূর্ণ বিভাগ। এই বিভাগের কর্মচারীদের বিশ্বস্ততার উপর নির্ভর করিয়াই বিভিন্ন প্রতিষ্ঠানকে বিজি প্রেসের সহিত কাজ করিতে হয়। অথচ গোপনীয় শাখাতেই গলদ দেখা দিয়াছে। এসএসসির প্রশ্ন ফাঁসের সহিত এই শাখার কর্মচারীরা জড়িত থাকায় এইচএসসি পরীক্ষার ভবিষ্যৎ নিয়া শিক্ষা মন্ত্রণালয় সংশ্লিষ্ট বোর্ডসমূহ এবং জনমনে প্রশ্ন দেখা দিয়াছে। বিজি প্রেসের গ্রেফতারকৃত কর্মচারীদের এই ব্যাপারেও জিজ্ঞাসাবাদের জন্য বলা হইয়াছে। একটি সূত্র জানায়, সংশ্লিষ্ট সকল মহলের আন্তরিক সহযোগিতা পাইলে প্রশ্ন ফাঁসের মূল রহস্য উদঘাটন করা সম্ভব হইবে।

শুধু এসএসসি পরীক্ষায় নয়, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী পরীক্ষার প্রশ্ন ফাঁসের

(১৫শ পৃষ্ঠায় ১-এর কঃ দ্রঃ)

### ক্যালকুলেটর প্রসঙ্গে

এসএসসি পরীক্ষায় ক্যালকুলেটর ব্যবহার সম্পর্কিত জটিলতা দূর করার লক্ষ্যে ঢাকা বোর্ডের চেয়ারম্যান বলিয়াছেন, পরীক্ষায় সাধারণ ক্যালকুলেটরের পাশাপাশি কেসিও কলেজ এফ এক্স ১০ বি, ১০সি, ১০ডি এবং ১০এসসহ ইহার নীচের ধাপের ক্যালকুলেটর ব্যবহার করা যাইবে। তবে পরীক্ষায় কোনভাবেই প্রোগ্রামিং ক্যালকুলেটর ব্যবহার করা যাইবে না।

## বিজি প্রেসের

*(প্রথম পৃঃ পর)*

ব্যাপারেও বিজি প্রেসকে ইতিপূর্বে সন্দেহ করা হইয়াছে। কিন্তু হাতেনাতে অপরাধীদের ধরা সম্ভব হয় নাই। গত বছর এসএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হইয়া যাওয়ার পর শিক্ষা মন্ত্রণালয় এই ব্যাপারে বিজি প্রেসের বিরুদ্ধে কয়েকটি অভিযোগ উত্থাপন করিয়া সংস্থাপন মন্ত্রণালয়কে জানাইয়াছিল। ইহার পর হইতে শিক্ষা মন্ত্রণালয়ের সহিত বিজি প্রেসের দ্বন্দ্ব শুরু হয়। বিজি প্রেস এক পর্যায়ে এসএসসি ও এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ছাপাইবে না বলিয়া আকার-ইঙ্গিতে জানাইতে থাকে। পরবর্তীতে দ্বন্দ্ব প্রশমিত হয়। কিন্তু প্রশ্ন ফাঁসের সহিত বিজি প্রেসের গোপনীয় শাখার কর্মচারীবৃন্দ জড়িত থাকার ঘটনা প্রমাণিত হওয়ায় বিজি প্রেস-এর সংশ্লিষ্ট শাখার কর্মচারীদের সততা সম্পর্কে নূতন করিয়া প্রশ্ন দেখা দিয়াছে। আসন্ন এইচএসসি পরীক্ষার ক্ষেত্রে যাহাতে কোন সমস্যার সৃষ্টি করিতে না পারে তাহা দেখার জন্য সংশ্লিষ্ট সকল মহলকে আন্তরিক হওয়ার জন্য বলা হইয়াছে। এদিকে আজ পূর্ব নির্ধারিত তারিখ অনুযায়ী সারাদেশে নূতন প্রশ্নপত্রে অংক পরীক্ষা অনুষ্ঠিত হইবে। পরীক্ষায় নকল এবং সম্ভাব্য গোলযোগ প্রতিরোধের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হইয়াছে।

গতকাল (শুক্রবার) জাগপার এক সমাবেশে এসএসসি পরীক্ষায় প্রশ্ন ফাঁসের ঘটনায় উদ্বেগ প্রকাশ করা হইয়াছে। সমাবেশে বলা হয়, শিক্ষা ব্যবস্থার আঘাতের পর আঘাত হানিয়া সরকার দেশের ছাত্র-ছাত্রীদের ভারতে পড়িতে বাধ্য করিতেছে। জাগপার সভাপতি শফিউল আলম প্রধান সমাবেশে এই কথা বলেন।